

Ex/ARTS/BNG/UG/VAC/1.1/2025

কলা স্নাতক অন্ত্য-সেমিস্টার পরীক্ষা, ২০২৫

(প্রথম বর্ষ, প্রথম সেমিস্টার)

সাম্মানিক বাংলা

কোর্স : ইউ. জি. - VAC ১.১

বিষয় : ভারতবর্ষ : সমাজ, সংস্কৃতি, ইতিহাস - ১

সময় : ২ ঘণ্টা

পূর্ণমান : ৩০

নিম্নলিখিত প্রশ্নগুলির উত্তর দাও। প্রতিটি প্রশ্ন সমমানের :

৭.৫ × ৪ = ৩০

১ক. 'আরণ্যক' উপন্যাসে রাজা দোবরু পান্নার আতিথ্য গ্রহণের পর্বটি সত্যচরণের ভারত-দর্শনের ক্ষেত্রে কেন গুরুত্বপূর্ণ বলে তোমার মনে হয়? আলোচনা করো।

(অথবা)

১খ. 'আরণ্যক' উপন্যাসের কুস্তা, মঞ্চী, বিশুয়া ... এরা প্রত্যেকেই সত্যচরণের কাছে ভারতবর্ষকে নানাভাবে হাজির করেছে। এ কথাটিকে তুমি কীভাবে বুঝেছ, আলোচনা করে দেখাও।

২ক. ভৈকম মুহম্মদ বশীর-এর গল্পে ধর্মপরিচয় ছাপিয়ে উঠেছে প্রেম। নিজস্ব রুচি ও সংস্কার বাতিল না করেই যে পরস্পরকে গ্রহণ করা যায় — এই স্বীকৃতির মধ্যেই ফুটে আছে আমাদের দেশের ছবি— 'প্রেমপত্র' গল্পটি স্মরণ করে এই মন্তব্যটির পক্ষে বা বিপক্ষে নিজের অবস্থান জানাও।

BNG-1169

[Turn Over]

(২)

(অথবা)

২খ. ইউ. আর. অনন্তমূর্তির গল্পে এক বালকের চোখের সামনে যে স্থান, যে পরিসর উন্মুক্ত হয়েছে তা এ দেশেরই, এবং তা বেদনাদায়ক। এই বেদনার অনুভূতি আদতে দেশপ্রেমেরই চিহ্ন। 'ঘটশ্রাদ্ধ' গল্পটির সূত্রে এমন কথা কি বলা চলে? যুক্তিসহ লেখো।

৩ক. পাঠ্যক্রমে 'ভারতবর্ষ' নামের তিনটি ছোটগল্পের মূল ভাষ্য একই, কিন্তু রচনাকৌশলের কারণে সেগুলি অনেকটাই পৃথক। কোনটি তোমার মতে আমাদের দেশের মূল্যবোধকে সব থেকে বেশি স্পষ্ট করে তুলেছে, পাঠক হিসেবে মূল্যায়ন করো।

(অথবা)

৩খ. 'অনাচার' শিরোনাম গল্পটির আখ্যানকে আরও তাৎপর্যপূর্ণ করে তুলেছে — পক্ষে বা বিপক্ষে মত জানাও।

৪ক. লালন সাঁইয়ের পদে কাশী বা মক্কার তুলনায় বেশি গুরুত্ব দেওয়া হয়েছে সাধনপথের পথপ্রদর্শক হিসেবে যথার্থ গুরুর সান্নিধ্যলাভের প্রভাবকে। পাঠ্য পদ অবলম্বন করে প্রসঙ্গটি আলোচনা করো।

(অথবা)

৪খ. 'কবি তব মনোভূমি/রামের জনমস্থান, অযোধ্যার চেয়ে সত্য জেনো' — কোন্ কবিতার অংশ? কবিতাটিতে কবি যা বোঝাতে চেয়েছেন, তার তাৎপর্য কী? নিজের ভাষায় আলোচনা করো।

★ ★ ★

BNG-1169

XX24(113)—70